



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

স্মারক নং রেজিঃ/২৮ (১৮)/০/৭২০

তারিখ : ২৩ অক্টোবর, ২০২২

আউটসোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী ও ক্লিনার পদে নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর বিভিন্ন দপ্তরের নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) বছরের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র. নং	দপ্তরের নাম	পদের নাম	পদ সংখ্যা	মাসিক সেবামূল্য	বছরে উৎসব প্রণোদনা	বছরে বাংলা নববর্ষ প্রণোদনা	অতিরিক্ত কাজ
০১	রেজিস্ট্রার দপ্তর	নিরাপত্তা প্রহরী	০৬(ছয়) টি	১৪,৪৫০/-	১৬,৫০০/-	১৬৫০/-	অতিরিক্ত কাজ প্রয়োজনে করতে হবে ও অতিরিক্ত সেবামূল্য বিধি মোতাবেক প্রাপ্য হবেন।
০২	সৈয়দ মুজতবা আলী হল	নিরাপত্তা প্রহরী	০২(দুই) টি	১৪,৪৫০/-	১৬,৫০০/-	১৬৫০/-	
০৩	সৈয়দ মুজতবা আলী হল	ক্লিনার (পুরুষ)	০৪ (চার)টি	১৪,৪৫০/-	১৬,৫০০/-	১৬৫০/-	
০৪	বেগম সিরাজুন্নেছা চৌধুরী হল	ক্লিনার (মহিলা)	০৩(তিন)টি	১৪,৪৫০/-	১৬,৫০০/-	১৬৫০/-	

নিরাপত্তা প্রহরী পদের যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি. পরীক্ষা পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী, দক্ষ ও মানসিকভাবে সুস্থ, বিনয়ী, চটপটে, সু-শৃঙ্খল, বিশ্বস্ত এবং সশস্ত্র বাহিনী/বিজিবি/পুলিশ বাহিনী/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী থেকে অবসরপ্রাপ্ত অথবা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষণ প্রাপ্ত অথবা নিরাপত্তা প্রহরী কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

উচ্চতা : কমপক্ষে ৫ ফুট ৬ ইঞ্চি, বুকের মাপ : ৩২ ইঞ্চি-৩৪ ইঞ্চি।

বয়স : ১৮ থেকে ৩০ বছর (সশস্ত্র বাহিনী/বিজিবি/পুলিশ বাহিনী/ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী থেকে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)।

ক্লিনার পদের যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণি পাশসহ হরিজন সম্প্রদায়ের লোক অথবা ক্লিনিং কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী, দক্ষ ও মানসিকভাবে সুস্থ, বিনয়ী, চটপটে, সু-শৃঙ্খল, বিশ্বস্ত এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত সকল কাজ করার মানসিকতা থাকতে হবে। বয়স : ১৮ থেকে ৩০ বছর।

আবেদনপত্র জমাদান :

আগ্রহী প্রার্থীদের আগামী ১৩/১১/২০২২ তারিখের মধ্যে কম্পিউটার প্রিন্ট করে স্বহস্তে স্বাক্ষরিত দরখাস্ত রেজিস্ট্রার অফিসের ডেসপাস শাখায় পৌছাতে হবে। দরখাস্তের সাথে নিম্নোক্ত (ক), (খ) এবং (গ) সংযুক্ত করতে হবে :

(ক) রেজিস্ট্রার, শাবিপ্রবি-এর অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ০১ নং থেকে ০৪ নং পদের জন্য

১৫০ (একশত পঞ্চাশ) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

(খ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত ছবি।

(গ) সকল সদনপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি।

খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট দপ্তর ও পদের নাম লিখতে হবে। একাধিক দপ্তরের পদে আবেদন করতে চাইলে পৃথক পৃথক ভাবে আবেদন করতে হবে।


রেজিস্ট্রার ২৩/১০/২২


২৩.১০.২০২২

